

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৪৭৬

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (ﷺ) পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

باب

আরবী

حَدَّثَنَا قُتُنْبَةُ، حَدَّثَنَا رِشْدِينُ بْنُ سَعْد، عَنْ أَبِي هَانِئِ الْخَوْلاَنِيّ، عَنْ أَبِي عَلِيّ الْجَنْبِيّ، عَنْ أَبِي عَلِيّ الْجَنْبِيّ، عَنْ أَبِي عَلِيّ الْجَنْبِيّ، عَنْ فَصَالَةَ بْنِ عُبَيْد، قَالَ بَيْنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "عَجلْتَ أَيُّهَا فَقَالَ اللَّهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي. فَقَالَ رَسُولُ اللَّهَ صلى الله عليه وسلم "عَجلْتَ أَيُّهَا الْمُصَلِّي إِذَا صَلَيْتَ فَقَعَدْتَ فَاحْمَد اللَّهَ بِمَا هُو أَهْلُهُ وَصَلِّ عَلَى الله عليه وسلم فَقَالَ ثُمَّ صَلَيًى رَجُلُ آخَرُ بَعْدَ ذَلِكَ فَحَمِدَ اللَّهَ وَصَلَّى عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ لَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم "أَيُّهَا الْمُصَلِّي ادْعُ تُجَبْ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ رَوَاهُ حَيْوَةُ بْنُ شُرَيْحٍ عَنْ أَبِي هَانِئٍ الْخَوْلاَنِيِّ وَأَبُو هَانِئٍ اسْمُهُ حُمَيْدُ بْنُ هَانِئٍ وَأَبُو هَانِئٍ الشَّهُ حُمَيْدُ بْنُ هَانِئٍ وَأَبُو عَلَى الْبَيْ الْمُعُلِّي الْخَوْلاَنِيِّ وَأَبُو هَانِئٍ اسْمُهُ حُمَيْدُ بْنُ هَانِئٍ وَأَبُو عَلَى الْبَيْ السَّمُهُ حُمَيْدُ بْنُ هَانِئٍ وَأَبُو هَانِئٍ الشَّهُ حُمَيْدُ بْنُ هَانِئٍ وَأَبُو عَلِي الْجَنْبِيُّ اسْمُهُ عَمْرُو بْنُ مَالِكِ .

বাংলা

৩৪৭৬. কুতায়বা (রহঃ) ফাযালা ইবন উবায়দ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন বসা ছিলেন। এমন সময় এক ব্যক্তি এসে সেখানে সালাত (নামায) আদায় করল এরপর এ দু'আ করলঃ (اللَّهُمُّ اغْفِرُ لِي وَارْحَمْنِي) _ হে আল্লাহ তুমি আমাকে মাফ করে দাও তুমি আমাকে রহম কর। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ হে সালাত (নামায) আদায়কারী তুমি বেশ তাড়াহুড়া করে ফেললে। তুমি সালাত (নামায) আদায় করে যখন বসবে তখন আগে আল্লাহর যথোপযুক্ত তারীফ করবে এরপর আল্লাহর কাছে দু'আ করবে।

ফাযালা রাদিয়াল্লাহু আনহু বলেনঃ এরপর আরেক ব্যক্তি এসে সালাত (নামায) আদায় করে। আল্লাহর হামদ করল এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর সালাত ও দুরুদ পাঠ করল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে লক্ষ্য করে বললেনঃ হে সালাত (নামায) আদায়কারী! এখন দু আ কর। তোমার দু আ কবুল হবে।



সহীহ, সিফাতুস সালাত, সহীহ আবু দাউদ ১৩৩১, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৪৭৬ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান। হায়ওয়া ইবন শুরায়হ (রহঃ) এটি আবু হনী (রহঃ) থেকে বর্ণনা করেছেন। আবু হানী (রহঃ) এর নাম হল হুমায়দ ইবন হানী। আবু আলী জানবী (রহঃ) এর নাম হল আমর ইবন মালিক।

English

Fadalah bin `Ubaid narrated:

"While the Messenger of Allah (*) was seated, a man entered and performed Salat, and he said: 'O Allah, forgive me, and have mercy upon me.' The Messenger of Allah (*) said: 'You have rushed, O praying person. When you perform Salat and then sit, then praise Allah with what He is deserving of, and send Salat upon me, then call upon Him.'" He said: "Then another man performed Salat after that, so he praised Allah and sent Salat upon the Prophet (*). The Prophet (*) said to him: 'O praying person! Supplicate, and you shall be answered.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ফাযালা ইবন উবায়দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন